

প্রেস বিজ্ঞপ্তি

একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

[কমিশনের ২২.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত ৫ম বিশেষ সভার ৩.গ.১ সিদ্ধান্ত অনুযায়ী]

নম্বর-৮০.২০০.০৬৪.০০.০০.০০৭.২০১৮-১৮৪

তারিখ : ১১.০৬.২০১৮ খ্রি.

বিষয়: নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ এবং সংশোধিত বিধিমালা-২০১৪ অনুযায়ী ৩৬তম বিসিএস-এ ক্যাডার এবং নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্য হতে নন-ক্যাডার দ্বিতীয় শ্রেণির পদে সুপারিশের ফলাফল ঘোষণা প্রসঙ্গে।

নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ এবং সংশোধিত বিধিমালা-২০১৪ এর বিধান অনুযায়ী ৩৬তম বিসিএস পরীক্ষায় ক্যাডার পদে এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের এবং নন-ক্যাডার ১ম শ্রেণির পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্য হতে সংশ্লিষ্ট নিয়োগবিধিতে উল্লিখিত বয়স এবং শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন সংশ্লিষ্ট উপজেলার কৃতকার্য প্রার্থী হতে নিম্নে বর্ণিত রেজিস্ট্রেশন নম্বরের প্রার্থীদের ৩৬তম বিসিএস-এ অর্জিত মেধাক্রম ও বিদ্যমান কোটা পদ্ধতির ভিত্তিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার [গ্রেড-১২] পদে নিয়োগের জন্য সরকারী কর্ম কমিশন সাময়িকভাবে (provisionally) সুপারিশ করেছে। সুপারিশকৃত প্রার্থীদের দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার [গ্রেড-১২] পদের নাম, রেজিস্ট্রেশন নম্বর নিম্নে প্রদান করা হলো :

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

পদের নাম : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক


রেজিস্ট্রেশন নম্বর-

038042 087807 049931 036081 020465 084773 707971 033386 031859 048781 031823 301004  
050956 035769 037660 306082 601184 090671 004435 096400 036335 069735 049603 039399

= ২৪ জন

২. পরবর্তীতে যেকোনো সময় সাময়িকভাবে সুপারিশকৃত কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত সনদ/প্রত্যয়ন/কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর সাময়িক সুপারিশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো অনিয়ম প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।


৩. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি এবং আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত অংগীকারনামার ভিত্তিতে সরকারী কর্ম কমিশন এই মর্মে সাময়িকভাবে প্রার্থীদের সুপারিশ করেছে যে, তাদের নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারি সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে শিক্ষাগত যোগ্যতার সনদ এবং অন্যান্য ডকুমেন্টস এর সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।



৪. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন বৃত্তান্ত যাচাইয়ের পর সরকার কর্তৃক প্রার্থীদের নিয়োগ দেয়া হবে।

৫. উল্লেখ্য, গত ২২.০৩.২০১৮ তারিখের প্রেস বিজ্ঞপ্তিতে ২য় শ্রেণির নন-ক্যাডার পদে সুপারিশ সম্পন্ন হলো মর্মে উল্লেখ করা হয়েছিল। নন-ক্যাডার (বিশেষ) বিধিমালা-২০১০ এর সংশোধিত বিধিমালা-২০১৪ এর বিধান অনুযায়ী কর্ম কমিশন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ২য় শ্রেণির [গ্রেড-১২] ২৪টি পদে নিয়োগের জন্য প্রার্থী সুপারিশ করেছে। এই সুপারিশের মাধ্যমে নন-ক্যাডার ২য় শ্রেণির পদে সুপারিশ সম্পন্ন হলো।

৬. প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) ওয়েবসাইট-এ পাওয়া যাবে।




[মোঃ নজরুল ইসলাম]  
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]  
[যুগ্মসচিব]

নম্বর-৮০.২০০.০৬৪.০০.০০.০০৭.২০১৮-১৮৪

তারিখ : ১১.০৬.২০১৮ খ্রি.

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর (পিআইডি), ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)। প্রেস বিজ্ঞপ্তির ৪টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হলো।
২. মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা  
(বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।
৩. বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা  
(বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।
৪. বার্তা সম্পাদক, \_\_\_\_\_  
বিষয়টি আপনার চ্যানেল-এ মূল নিউজ হিসেবে বারবার প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
(কমিশনের ওয়েবসাইটে প্রেস বিজ্ঞপ্তিটি আপলোড করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
৬. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
(তাকে প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।



[মোঃ নজরুল ইসলাম]  
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]  
[যুগ্মসচিব]